# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

## কালিগঞ্জ, সাতক্ষীরা

### জুলাই ২০১৯ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
### অধিবেশন নং -০৪/২০১৯

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৯-০৭-২০১৯ |
| সময় | ঃ | বেলা ১১-৩০ টা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ, |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় । কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় উহা দৃঢ়করণ করা হয় । অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয় ।

২. বিভাগীয় আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ<br><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে এ উপজেলায় ৪ কিস্তিতে এডিপি বরাদ্দ ৮১.৮৪ লক্ষ টাকা , রাজস্ব উদ্বৃত্ত এডিপি ৩৫.২৫ লক্ষ টাকা এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ৩২.৫০ লক্ষ টাকার প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন হয়েছে । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০১৮-১৯ অর্থ বছরে গৃহীত প্রকল্পের কাজ ৩০ জুনের মধ্যে সম্পন্ন হওয়ায় উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,সাতক্ষীরাসহ সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। তাছাড়া উন্নয়নমূলক কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(২)উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০২। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উপকূলীয় এলাকায় জেলেদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সরকার হতে প্রকল্প গ্রহণ করা হয়েছে। তাছাড়া অধিকতর মৎস্য উৎপাদনের লক্ষ্যে পরিবেশ উন্নয়ন ও রাস্তার অবকাঠামো রক্ষার্থে রাস্তা ও ঘেরের ভেড়ী পৃথক করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়েছে। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) অধিকতর মৎস্য উৎপাদনের লক্ষ্যে পরিবেশ উন্নয়ন ও রাস্তার অবকাঠামো রক্ষার্থে রাস্তা ও ঘেরের ভেড়ী পৃথক করতে হবে। | (১) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) কালিগঞ্জ<br>(২) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৩। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আগামী সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৪। <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, এ বছর ত্রাণ ও দুর্যোগ মন্ত্রণালয়ের আওতায় ২৪ টি ব্রীজ নির্মাণের লক্ষ্যে প্রস্তাব পাঠানো হয়েছিল। ১৪ টি ব্রীজ নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। ইতোমধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। তাছাড়া দুর্যোগ সহনীয় ১৭ টি ঘর নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। যার কাজ চলমান রয়েছে। তার বিভাগে আপাতত কোন সমস্যা নেই। | ব্রীজসহ দুর্যোগ সহনীয় ১৭ টি ঘরের নির্মাণ কাজ নিবিড় তদারকির মাধ্যমে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প ... কর্মকর্তা, কালিগঞ্জ, সা... |
| ২.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ<br><br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার কার্যালয়ের ভেটেরিনারি সার্জনের পদটি দু'বছর যাবৎ শুন্য থাকায় চিকিৎসা প্রদানে অসুবিধা সৃষ্টি হচ্ছে। তিনি বর্ণিত শুন্যপদ পূরণের জন্য পুনঃ উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান এ উপজেলায় একটি স্লটার হাউস (কসাইখানা) প্রয়োজন। তাছাড়া এ উপজেলায় একটি মডেল ডেইরি খামার উপজেলা পরিষদে জমিতে করা হবে । | (ক) কালিগঞ্জ উপজেলা প্রাণি সম্পদ বিভাগে ভেটেরিনারি সার্জন পদ পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃ অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, তাদের বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ২.০৭। <u>উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না । | উপজেলা কৃষি অফিসার, কারিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগীয় কার্যক্রম আলোচনা করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৮। <u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরার প্রতিনিধি সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলায় ১০ টি স্কুলে পানির ফিল্টার নষ্ট হয়ে গেছে, কয়েকটি স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই । তাছাড়া যে সকল কাঁচা রাস্তা দিয়ে শিশুরা স্কুলে যায়, সেগুলো অগ্রাধিকার দিয়ে নির্মাণ কাজ স্থানীয় বাজেট বা এলজিএসপির অগ্রাধিকার ভিত্তিতে করতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পুনঃ অনুরোধ জানানো হয়। | (১) এ উপজেলার যে সকল স্কুলের পানির ফিল্টার নষ্ট সেগুলো মেরামতের লক্ষ্যে তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলী, কালিগঞ্জ বরাবর প্রেরণ করতে হবে।<br><br>(৩) এ উপজেলার যে সকল স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই তার তালিকা জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর প্রেরণ করতে হবে। | (১) উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২)উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কালিগঞ্জ<br>(৩) জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা<br>(৪) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ২.৯। **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ**<br><br>উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ বা তাঁর প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তাঁর অফিসের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তাঁর বিভাগীয় কার্যক্রম আলোচনা করার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১০। **উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ**<br><br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরা |
| ২.১১। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ**<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি অর্থায়নে কালিগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউপি'তে জলাতঙ্ক ভ্যাকসিন সরবরাহ দেওয়ায় সভার পক্ষ থেকে পুনঃ ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১২। **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ**<br><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৩। **উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম**<br><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) ন্যাশনাল সার্ভিসের যে সকল কর্মী নিয়মিত অফিস করেন না অথবা অফিসে না এসে বেতন গ্রহণ করছেন তাদের তালিকা আগামী সভায় দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৪। **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম ঃ**<br>সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ২.১৫। **জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ**<br><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ভারপ্রাপ্ত) কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে । আপাততঃ কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৬। বন বিভাগের কার্যক্রম ঃ<br><br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সভায় জানান এ উপজেলায় বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই । | বন বিভাগের কার্যক্রমের ধারা এ উপজেলায় অব্যাহত রাখার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, . কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয় । | ফরেস্টার, উপ[illegible] বনায়ন কেন্দ্র, কা[illegible] সাতক্ষীরা |
| ২.১৭। খাদ্য বিভাগের কার্যক্রম ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখা সহ দ্রুত সংগ্রহ কার্যক্রম শেষ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রমঃ<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা এর প্রতিনিধি সভায় জানান যে, তাদের বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। এ প্রসংগে সভায় জানানো হয় যে, বিষ্ণুপুর ইউনিয়নের দারুল উলুম চৌমুহনী ফাযিল মাদ্রাসার কমিটি কর্তৃক প্রতিষ্ঠানের ২৭ টি মেহগণি গাছ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কর্তন করেছেন। বিষয়টি তদন্ত করে কমিটির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) বিষ্ণুপুর ইউনিয়নের দারুল উলুম চৌমিহনী ফাযিল মাদ্রাসার কমিটি কর্তৃক প্রতিষ্ঠানের ২৭ টি মেহগণি গাছ কর্তনের বিষয়ে আগামী সভায় বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জকে পুনরায় অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা । |
| ২.১৯ আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সভায় জানানো হয় যে, আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ উপজেলায় ১৭০ টি সমিতি গঠন করা হয়েছে। দ্রুত আরো ৪৫ টি সমিতি গঠন করা হবে। সমিতির সদস্য অন্তর্ভুক্তির কাজ চলমান রয়েছে । | আমার বাড়ী আমার খামার প্রকল্পে সমাবেশের মাধমে সমিতিতে সদস্য অন্তর্ভুক্তির ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ |
| ২.২০ পানি উন্নয়ন বোর্ড ঃ উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ সভাকে অবহিত করেন যে, ওয়াপদার ঝুঁকিপূর্ণ ভেড়ীবাঁধ মেরামতের কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছেএবং মেরামত কার্যক্রম চলমান রয়েছে। | এ উপজেলার ঝুঁকিপূর্ণ ওয়াপদার ভেড়ীবাঁধ দ্রুত মেরামতের ব্যবস্থা নিতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ৩. বিবিধ ঃ<br>(ক) উপজেলা মডেল মসজিদের স্থানের গাছ বিক্রি সংক্রান্তঃ<br>সভায় জানানো হয় যে, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় গণপূর্ত বিভাগ, সাতক্ষীরা অধীনে বাস্তবায়নাধীন কালিগঞ্জ উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ সাইট প্লানের মধ্যে স্থাপনা ও গাছসমূহ অসারণের জন্য নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত বিভাগ, সাতক্ষীরা স্মারক নং ১৯৫৫(৭) তারিখ ৩০/০৪/২০১৯ খ্রিঃ মূলে অনুরোধ জানিয়েছেন। এ লক্ষ্যে উপজেলা পরিষদের নিয়ন্ত্রাধীন/ মালিকানাধীন গাছ বিক্রয় সংক্রান্ত কমিটির সভার প্রস্তাব/ সুপারিশ সভায় উপস্থাপন করা হয়। সভায় বিষয়টি পর্যালোচনা করা হয় । এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ১৫-০৮-২০০৭ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং পরিপত্রের আলোকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য জীবিত গাছ কর্তনের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের পুর্ব অনুমতি গ্রহণের নির্দেশনা আছে। ফলে বর্ণিত কমিটির প্রস্তাব / সুপারিশ মোতাবেক ৩৮ টি গাছ মূল্য | (১) কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে 'মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের স্থানে' অবস্থিত মার্কিংকৃত বিভিন্ন প্রজাতির ৩৮ (আটত্রিশ) টি গাছ বিক্রয় সংক্রান্ত কমিটির সভার প্রস্তাব / সুপারিশ অনুমোদন করা হয়।<br>(২) উক্ত জীবিত গাছ বিক্রির বিষয়ে স্থানীয় সরকার বিভাগের পূর্ব অনুমতি গ্রহণের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| সর্বমোট ৯৬,২৮৪/৫৩ (ছিয়ানব্বই হাজার দুইশত চুরাশি টাকা তিপান্ন পয়সা) টাকা অনুমোদনসহ কমিটির প্রস্তাব অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া স্থানীয় সরকার বিভাগের পূর্ব অনুমতি গ্রহণের বিষয়ে সভার পক্ষ থেকে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। | | |
| (খ) সভায় পুনঃ জানানো হয় যে, কালিগঞ্জ কাঁকশিয়ালী নদীর ধারসহ যমুনা নদীর ধার দিয়ে কালিগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের সামনে, উপজেলা পরিষদের পূর্বদিকে নদীর ধারে পানি উন্নয়ন বোর্ডের জায়গায় কতিপয় ব্যক্তি অবৈধভাবে ঘর উত্তোলন করে দোকান তৈরীসহ অবৈধভাবে বসবাস করছে, এ সব অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা নিতে হবে। | কালিগঞ্জ কাঁকশিয়ালী নদীর ধারসহ যমুনা নদীর ধার দিয়ে পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তির উপর অবস্থিত অবৈধ স্থাপনা ও সাইনবোর্ড উচ্ছেদ করতে হবে। | (১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পওর-১, সাতক্ষীরা<br>(২) উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| (গ) সভায় জানানো হয়, বর্ষা মৌসুম আগত, বৃষ্টির সময় গাছের চারা রোপন করা প্রয়োজন। বর্ষা মৌসুমে বজ্রপাতের সম্ভবনা বেশী থাকে। বজ্রপাত প্রতিরোধের লক্ষ্যে অধিক পরিমাণ তালবীজ রোপন করা যেতে পারে মর্মে সভায় বিস্তাতির আলোচনা হয়। | বর্ষা মৌসুমে এ উপজেলার রাস্তাঘাট, নদী, খালের ধারসহ বিভিন্ন স্থানে তিন লক্ষ তালবীজ রোপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে উপজেলা পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে উক্ত তালবীজ রোপন উদ্বোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ |
| (ঘ) সভায় জানানো হয় যে, ভাইস চেয়ারম্যানগণের বসার জন্য কোন অফিস কক্ষ বরাদ্দ নেই। উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনকে অফিস কক্ষ হিসাবে ব্যবহার করা হচ্ছে। ফলে উপজেলা পরিষদ চেয়ারম্যান বাসা শিফট করতে পারছেন না। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষ বরাদ্দের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের একই ভবনে স্থান সংকুলান না হওয়ায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের পশ্চিম পার্শে দু'তলা ভবনের উপজেলা ক্রীড়া সংস্থার মালামাল রাখা অব্যবহৃত কক্ষটি উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানগণের অফিস কক্ষ হিসেবে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>(২) ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>(৩) উপজেলা প্রকৌশলী, কালিঘগঞ্জ, সাতক্ষীরা<br>(৪) সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, কালিগঞ্জ |
| (ঙ) খাল/ নদীতে নেট পাটা অপসারণঃ<br>সভায় জানানো হয় যে, এ উপজেলার বিভিন্ন খাল- নদীতে নেট পাটা দিয়ে পানি প্রবাহে প্রতিবন্ধকতার সৃষ্টি করা হচ্ছে। জনস্বার্থে নেট পাটা অপসারণ করা প্রয়োজন। তাছাড়া ব্যবহার্য খাল ইজারা বা একসনা ডিসিআর বন্ধ করা যেতে পারে। | (১) খাল- নদীর পানির প্রবাহে বাঁধা সৃষ্টিকারী সব স্থাপনা অপসারণ করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্টের মাধ্যমে অপসারণ করতে হবে।<br>(২) জনস্বার্থে ব্যবহার্য খাল ইজারা বা একসনা ডিসিআর আপাততঃ বন্ধ করার জন্য অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| (চ) উপজেলা পরিষদের ''কাজ নেই মজুরী নেই'' ভিত্তিতে মালী নিয়োগ সংক্রান্ত ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫ (ত) (থ) নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদে মালী ও একজন সুইপার দৈনিক প্রদেয় মজুরীর হারে মাসিক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োজন করা হয়। নিয়োজিত সুইপার বিগত ২/৩ মাস পরিষদে অনুপস্থিত থাকায় বিগত | (১) জনাব আজগার আলী, পিতা মৃত ইউনুচ গাজী, সাং- নারায়নপুর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে মালীর পরিবর্তে "কাজ নেই মজুরী নেই" দৈনিক মজুরীর ভিত্তিতে সুইপার হিসেবে নিয়োজিত করা হলো।<br>(২) জনাব মোঃ মিজানুর রহমান, | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২৭/০৬/২০১৯ তারিখ উপজেলা পরিষদ সভায় বিষয়টি উপস্থাপন করা হয় এবং নিয়োজিত সুইপার-এর সন্তোষজনক জবাব পাওয়া না গেলে অন্য একজন সুইপার দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সভায় জানানো হয় ইতোপূর্বে নিয়োজিত সুইপার অদ্যবধি পরিষদে আসেনি বা কোন যোগাযোগ করেনি ফলে অফিসের পরিচ্ছন্ন কাজে ৩/৪ মাস ধরে বিঘ্ন সৃষ্টি হচ্ছে । তাছাড়া উপজেলা পরিষদে পূর্ব হতে নিয়োজিত মালী জনাব আজগার আলী, পিতা মৃত ইউনুচ গাজী, সাং- নারায়নপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা, বর্তমানে বাগানে ভারী কাজ করতে কষ্ট হচ্ছে মর্মে কম কষ্টের কাজ দেয়ার জন্য আবেদন করেছেন। তাছাড়া জনাব মোঃ মিজানুর রহমান, পিতা মোঃ রেজাউল ইসলাম, সাং- পশ্চিম নারায়নপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা মাষ্টাররোল ভিত্তিক মালী পদে উপজেলা পরিষদে নিয়োগ পাবার আবেদন করেছেন। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পিতা মোঃ রেজাউল ইসলাম, সাং- পশ্চিম নারায়নপুর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে "কাজ নেই মজুরী নেই" দৈনিক মজুরীর ভিত্তিতে "মালী" হিসাবে ০১/০৮/২০১৯ খ্রিঃ হতে নিয়োজন দেয়ার সিদ্ধান্ত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | |
| (ছ) উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নঃ<br>সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসারসহ উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে ব্যবহারের জন্য ভাল/উন্নত মানের কোন ক্রোকারিজ নেই, অফিসে ভাল/উন্নত মানের ক্রোকারিজ না থাকায় উপজেলা পরিষদ সভাসহ বিভিন্ন সভায় আপ্যায়নের সময় সমস্যা সৃষ্টি হচ্ছে । সে কারণ ভাল/ উন্নয়ন মানের প্রয়োজনীয় সংখ্যাক ক্রোকারিজ ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের জন্য ভাল / উন্নত মানের ক্রোকারিশ ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার কালিগঞ্জ; সাতক্ষীরা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ - ৮৭০

তারিখ : ১৪ আগস্ট,২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭-সাতক্ষীরা-৩/১০৮-সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৫। উপজেলা ------------------------------------ কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান ---------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৭। জনাব ----------------------------------------------
---------------------------------------------------------- কালিগঞ্জ, সাতক্ষীরা

সরদার [illegible]
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা

২৯/০৭/২০১৯ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের **সাধারণ সভার** উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

**পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ**

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব সরদার মোস্তফা শাহিন | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | ডাঃ জনাব মনোজিৎ মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৩ | উপসহকারী প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,এর প্রতিনিধি |
| ৪ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | | ৪ | - | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ প্রতিনিধি |
| ৫ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | | ৫ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউ,পি পক্ষে ইউ,পি সদস্য | | ৬ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৭ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি |
| ৮ | জনাব সিরাজুল ইসলাম | চেয়ারম্যান(ভাঃপ্রাঃ), কুশুলিয়া ইউপি | | ৮ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব লাইলি বেগম | সংরক্ষিত আসনের সদস্য | | ৯ | জনাব শারমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জনাব মাহফুজা খাতুন | সংরক্ষিত আসনের সদস্য | | ১০ | জনাব এ এফ এম মাহফুজুল হক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| ১১ | জনাব প্রভাতী মন্ডল | সংরক্ষিত আসনের সদস্য | | ১১ | উপজেলা সমন্বয়কারী | একটি বাড়ী একটি খামার প্রকল্প কালিগঞ্জ |
| | | | | ১২ | জনাব শেখ মুজিবর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৩ | জনাব মোঃ কামরুল ইসলাম | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | | ১৪ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ |
| | - | - | | ১৫ | জনাব মোঃ ওবায়দুল হক | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| | - | - | | ১৬ | উপজেলা একাডেমিক সুপারভাইজার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ-এর প্রতিনিধি |
| | - | - | | ১৭ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | | ১৮ | - | সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৯ | ফরেস্টার, | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ২০ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |
| | | | | ২১ | জনাব মোঃ জামিরুল হায়দার | উপজেলা নির্বাচন অফিসার |
| | | | | | - | উপজেলা পরিসংখ্যান অফিসার,কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | ডাঃ জনাব শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ২ | জনাব শেখ ফজলুল হক মনি | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব মোঃ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৩ | জনাব জেসিয়া জামান | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব নূরমোহাম্মদ বিশ্বাস | চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | | | | |
| ৫ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | | | |
| ৬ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | | | |
| ৭ | জনাব খলিলুর রহমান | চেয়ারম্যান(ভাঃপ্রাঃ) মৌতলা ইউপি | | | | |